

প্রাথমিক শিক্ষা উন্নয়ন পর্ষদ, পঃ বঃ পরিচালিত

[003]

প্রাথমিক শেষ (বৃত্তি) পরীক্ষা - ২০২৬

বিষয় : ইতিহাস-ভূগোল-বিজ্ঞান (আমাদের পরিবেশ)

পূর্ণমান - ১০০

সময় - ২ ঘণ্টা ৩০ মিঃ

PEDB (S) 2026

১। শূন্যস্থান পূরণ করো : (যে কোনো ১০টি)

১০ × ১ = ১০

- যে কোন কাজ করতে _____ প্রয়োজন হয়।
- সূর্যের সব থেকে কাছের গ্রহ হল _____।
- বস্ত্র যা দিয়ে তৈরী তাকে বলে _____।
- দুপুর ১২টার সময় ছায়ার দৈর্ঘ্য সবচেয়ে _____ হয়।
- তামার সঙ্গে টিন মিশিয়ে _____ ধাতু তৈরি হয়।
- গভীরে পালা দেখা যায় _____ জেলায়।
- নর্দমায় যে পাউডার ছড়ানো হয়, তার নাম _____।
- নৌকা চালানোর সময় _____ গান গাওয়া হয়।
- ভাদ্র মাসে _____ পূজা হয়।
- শনি গ্রহের সন্ধানে গিয়েছে _____।
- খালিচোখে দেখা যায় না এমন প্রাণীদের _____ দিয়ে দেখা যায়।
- শোলার কাজ যারা করেন, তাদের বলা হয় _____।

২। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : (যে কোনো ১০টি)

১০ × ১ = ১০

- তুলো পাওয়া যায় (বাবলা / শিমূল / তুঁত) গাছ থেকে।
- ২৫ বৈশাখ পালিত হয় (রবীন্দ্রজয়ন্তী / বাংলা নববর্ষ / নজরুল জয়ন্তী) হিসাবে।
- ধনেশ হল একটি (মাছ / পাখি / গাছ)।
- পশ্চিমবঙ্গে কয়লা খনি আছে (রানীগঞ্জ / কলকাতা / দার্জিলিং) এ।
- আমাদের দেশে প্রথম মহাকাশচারী (নীল আর্মস্ট্রং / রাকেশ শর্মা / লাইকা)।
- উঁচু পাহাড়ের চূড়ায় বাতাসের চাপ (কমে যায় / বেড়ে যায় / একই থাকে)।
- সৌর জগতে সবচেয়ে বড় গ্রহ (বৃহস্পতি / পৃথিবী / বুধ)।
- রক্তাক্ততা কমায় (তুলসী পাতা / কুলেখাড়া / কালমেঘ)।
- খাবারের যে অংশ হজম হয় না, তা জমা হয় (মলাশয়ে / পাকস্থলীতে / ক্ষুদ্রান্ত্রে)।
- (শিঙি / রুই / কাতলা) হল একটি জিঙল মাছ।
- ধ্রুবতারাকে আকাশের (পূর্ব / উত্তর / দক্ষিণ) দিকে দেখা যায়।

৩। বামদিকের সঙ্গে ডানদিক মেলাও :

৪ × ১ = ৪

বামদিক	ডানদিক
(১) রেল ইঞ্জিন	(ক) দার্জিলিং
(২) শান্তিনিকেতন	(খ) মশা
(৩) রেড পান্ডা	(গ) চিত্তরঞ্জন
(৪) ম্যালেরিয়া	(ঘ) পৌষমেলা

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : (যে কোনো ১০টি)

১০ × ২ = ২০

- ক) যন্ত্র কাকে বলে? উদাহরণ দাও।
 খ) দুটি বিলুপ্তপ্রায় প্রাণীর নাম লেখো।
 গ) পাহাড়ের কী কী চাষ ভালো হয়?
 ঘ) দুটি ভেষজ গাছের নাম লেখো।
 ঙ) টেরাকোটাকাজ কাকে বলে?
 চ) চোখ ভালো রাখতে কী কী খাওয়া উচিত?
 ছ) কুটির শিল্প কাকে বলে? উদাহরণ দাও।
 জ) কাঠের চাকায় লোহার বেড় পরানো হয় কেন?
 ঝ) শীতকালে ভিজ জামাকাপড় তাড়াতাড়ি শুকিয়ে যায় কেন?
 ঞ) জলদাপাড়া জঙ্গলের মধ্য দিয়ে যে দুটি নদী বয়ে গেছে তাদের নাম লেখো।
 ট) নুনজল থেকে নুনকে আলাদা করা যাবে কীভাবে?
 ঠ) জলে ভাসমান একটি গাছ ও জলের নীচে জন্মানো একটি গাছের নাম লেখো।

৫। টীকা লেখো : (যে কোনো ৩টি)

৩ × ৪ = ১২

- ক) লালন ফকির খ) ডোকরা শিল্প গ) সুষম আহার ঘ) সপ্তর্ষিমন্ডল ঙ) স্বাসক্রিয়া

৬। যে কোনো ৬টি প্রশ্নের উত্তর দাও :

৬ × ৪ = ২৪

- ক) পাখির দীর্ঘক্ষণ আকাশে ওড়ে কীভাবে?
 খ) গ্যাসের ভর আছে তা কীভাবে প্রমাণ করবে?
 গ) কৃত্রিম উপগ্রহের সাহায্যে আমরা কী কী সুবিধা পাচ্ছি?
 ঘ) মেঘ তৈরি হয় কীভাবে?
 ঙ) ফুসফুস ভালো রাখতে কী কী করা দরকার?
 চ) মানুষ কীভাবে পাথরের হাতিয়ার তৈরী করত?
 ছ) চাষের জন্য জলসেচের ব্যবহার প্রয়োজন হয় কেন? আগেকার দিনে মানুষ নদীর জলকে কীভাবে সেচের কাজে লাগাতো?

৭। যে কোনো ৪টি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৫ = ২০

- ক) উদ্ভিদ কীভাবে খাবার তৈরী করে? উদ্ভিদ কোন গ্যাস বাতাসে মিশিয়ে দেয়?
 খ) মাটি দূষিত হয় কীভাবে? প্রতিকারের ২টি উপায় লেখো।
 গ) বিষাক্ত সাপে কামড়ালে কী কী করা দরকার? সাপ কখন মানুষকে কামড়ায়?
 ঘ) ইস্পাত কীভাবে তৈরী হয়? ইস্পাত কী কী কাজে ব্যবহার করা হয়?
 ঙ) চাঁদকে আমরা নানান আকারে দেখি কেন? চাঁদের কলঙ্ক কাকে বলে?